

(একই তারিখ ও স্মারকে স্বলাভিষিক্ত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
পার-৪ অধিশাখা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০৩৮.১৯(অংশ)-২৩২

তারিখঃ ২৩.০৫.২০২০ খ্রিঃ

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ কোভিড-১৯ এ আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য জরুরী প্রয়োজনে বিভিন্ন হাসপাতাল/মেডিকেল কলেজ হাসপাতালের জন্য মেডিকেল টেকনোলজিস্ট, মেডিকেল টেকনিশিয়ান এবং কার্ডিওগ্রাফার এর পদ সৃজন।

আদিষ্ট হয়ে কোভিড-১৯ এ আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য জরুরী প্রয়োজনে বিভিন্ন হাসপাতাল/মেডিকেল কলেজ হাসপাতালের জন্য মেডিকেল টেকনোলজিস্ট ১২০০টি, মেডিকেল টেকনিশিয়ান ১৬৫০টি এবং কার্ডিওগ্রাফার ১৫০টি পদসহ মোট ৩০০০ (তিন হাজার) পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করাই:

২। পদগুলো নিম্নরূপঃ

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	জাতীয় বেতন স্কেল/২০১৫	যোগ্যতা ও অভিজ্ঞতা
১	মেডিকেল টেকনোলজিস্ট	১২০০	১২৫০০-৩০২৩০/- গ্রেড-১১	সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা: সরকার স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান পাশসহ সরকার স্বীকৃত ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT) হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা।
২	মেডিকেল টেকনিশিয়ান	১৬৫০	৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা: (ক) সরকার স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ; তৎসহ (খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় দক্ষতা; এবং (গ) সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ৩ (তিন) বৎসরের বাস্তব কাজের অভিজ্ঞতা।
৩	কার্ডিওগ্রাফার	১৫০	৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা: (ক) সরকার স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় দক্ষতাসম্পন্ন।
	মোট=	৩০০০		

৩। উপরের ছকের ৪ নং কলামে নির্ধারণকৃত বেতনস্কেল ৫নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতা সাপেক্ষে কার্যকর হবে।

৪। এ পদ সৃষ্টিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯.০৫.২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৫৯.১৫.০২১.১৯-৮৭ নং স্মারক, অর্থ বিভাগের, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ২০.০৫.২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৫৬.১৫.০২৬.২০-২৬৯ নং স্মারক, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ২০.০৫.২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৪৫.১৪৭.১২(অংশ-২)-৬৫ নং স্মারক এবং ০১.০৬.২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৪৫.১৪৭.১২(অংশ-২)-৬৬ নং স্মারক মোতাবেক সম্মতি রয়েছে। এ পদ সৃজনে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ভূতাপেক্ষ অনুমোদনে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতি রয়েছে।

৫। বিদ্যমান টিওএন্ডই-তে নতুন সৃজিত পদ অন্তর্ভুক্তির পর পদগুলো অস্থায়ী হিসেবে চিহ্নিত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

৬। উল্লিখিত কর্মচারীদের যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোড হতে মিটানো হবে।

স্বাঃ—

রোকেয়া বেগম

উপসচিব

ফোনঃ ৯৫৪৫২৩৪।

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০৩৮.১৯(অংশ)-২৩২

তারিখঃ ২৩.০৫.২০২০ খ্রিঃ

অনুলিপি ০৪ (চার) কপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যুগ্ম সচিব, ব্যয় ব্যবস্থাপনা-৬ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর নিকট প্রেরণ করা হলো। এর ১(এক) কপি পৃষ্ঠাংকনপূর্বক সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ১(এক) কপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা ঢাকা এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ—

রোকেয়া বেগম

উপসচিব

নং-০৭.০০.০০০০.১৫৬.১৫.০২৬.২০

তারিখঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা ঢাকা বরাবর প্রেরণ করা হলো। এ আদেশ জারীতে ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

যুগ্মসচিব

ব্যয় ব্যবস্থাপনা-৬ অধিশাখা

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০৩৮.১৯(অংশ)-২৩২/১(৯)

তারিখঃ ২৩.০৫.২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (বাজেট/এইচআর), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। উপসচিব (প্রশাসন-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

✓ সিষ্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পদ সৃজনের আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।

২/৩/২০২০  
✓ রোকেয়া বেগম  
উপসচিব